দৈনিক ইত্তেফাক

05 OCT 1990

তারিখ ... 05 OCT 1990 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

04

~~118~~

## জাল স্বাক্ষরের দায়ে ঢাকা ভার্সিটির ১৯ জন ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১ম বর্ষ সম্মান ও ১ম পর্ব মাষ্টার্স শ্রেণীতে অবৈধভাবে ভর্তিপ্রাপ্ত

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

### ঢাকা ভার্সিটির ১৯ জন

(১ম পৃঃ পর)

ছাত্র-ছাত্রীদের ভর্তি বাতিল করার সিদ্ধান্ত নিয়াছে। বিগত ২ বছরে বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান ও সমাজ বিজ্ঞান বিভাগে জাল সই ও সিলের মাধ্যমে প্রায় ১৯জন ছাত্র ছাত্রীর ভর্তির রহস্য উদঘাটিত হওয়ায় কর্তৃপক্ষ গতকাল (বৃহস্পতিবার) এই সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। একটি সূত্র জানায়, অবৈধ ভর্তির ব্যাপারে তদন্ত অব্যাহত রহিয়াছে।

### জাল সার্টিফিকেট তৈরীর অভিযোগে ২ জন সাসপেণ্ড

এস, এস, সি, এইচ, এস, সি, ডিগ্রী ও মাষ্টার্স পরীক্ষায় জাল সার্টিফিকেট তৈরীর অভিযোগে পুলিশ কর্তৃক গ্রেফতারকৃত ২ জন কর্মচারীকে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সাময়িকভাবে বরখাস্ত করিয়াছে। কর্মচারী ২ জন হইলেন: বিশ্ববিদ্যালয়ের উচ্চমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক মোঃ সিরাজ উদ্দিন ও উচ্চমান সহকারী মোঃ শাহ আলম।